

- ১। যে দুঃখে রেখেছ আমায় দয়াল গুরুচাঁদ গৌসাই ।
আমি দুঃখানলে ম'লেম জুলে জুড়াতে স্থান নাহি পাই ॥
- ২। দুঃখ লয়ে এই সংসারে, আমি যার কাছে যাই ।
আমার দুঃখ দেখে সুধী লোকে তাড়িয়ে দেয়
স্থান নারে পাই ॥
- ৩। দুঃখের দরিয়ার মাঝে আমি ভাসিয়া বেড়াই
আমি হাই ছতাস বাতুলের মত ঘুরে বেড়াই
কুল নারে পাই ॥
- ৪। জগৎ মাঝে ঘুরে ঘুরে আমি দেখলাম সর্ব ঠাই ।
সবে সুখের আশে আছে বসে, দুঃখের ভাগী কেহ নাই ॥
- ৫। দেও দুঃখ যা ইচ্ছে তোমার তা'তে ক্ষতি নাই ।
ও দীন দিগ্‌জয় বলে অস্তিমকালে চরণতলে দিও ঠাই ॥
—দিগ্‌জয়



৪২ নং

তাল--কাওয়ালী

রাগিনী--দেশ

গুরুচাঁদ রে আমি তোমায় কিছু দিতে পার্লেম না ।

আমি পার্লেম যদি তোমায় দিতে আমার কোন

অভাব রইতো রে না ॥

- ১। তুমি আমায় সকল দিলে বাবা করে করুণা ।
আমি তোমার দেশ বসত করে তোমায় কভু চিন্লেম না ॥
- ২। সুপথে চলিতে দিলে আমায় চরণ দু'খানা ।
হলেন কর্মদোষে বিপথগামী সঙ্গে বাদী ছয় জনা ॥
- ৩। হস্ত দু'খানা দিলে আমায় তোমার করতে অর্চ্চনা ।
আমার সে হস্ত যায় দুষ্কর্মেতে তোমার চরণ পূজা
করা হ'ল রে না ॥